

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩৫০.১২-১৯৪

তারিখঃ ১২ শ্রাবণ ১৪২৭
২৭ জুলাই ২০২০

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৪৬৬৩/২০১০ (আপীল নং-৪৫৫৬/২০১৮) মামলায় গত ১০.০৩.২০১০ খ্রি. তারিখের রায়ের আলোকে কুমিল্লা জেলার লাকসাম উপজেলাধীন আল-হেদায়ে ইসলামীয়া মহিলা মাদ্রাসাটি এমপিওভুক্তি এবং শিক্ষক ও কর্মচারীগণের অনুকূলে বেতন ভাতা (এমপিও) প্রদান।

সূত্রঃ মহামান্য আপিল বিভাগে দায়েরকৃত আপিল নং-৪৫৫৬/২০১৮।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৬.৫.২০১০ তারিখে শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ এবং সংখ্যক স্মারকমূলে কুমিল্লা জেলার লাকসাম উপজেলাধীন আল-হেদায়ে ইসলামীয়া মহিলা মাদ্রাসাটি নতুন এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত করা হয়।

০২। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের ৩১.০৫.২০১০ তারিখের শিম/ শাঃ১৩ /এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিও তালিকা থেকে বাতিল করা হয়। এর ফলে (অর্থাৎ উক্ত প্রতিষ্ঠানটি এমপিও তালিকা বাদ পড়ায়) উক্ত প্রতিষ্ঠানের সুপার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪৬৬৩/২০১০ মামলা দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলায় বিগত ১০.০৩.১১ তারিখে প্রদত্ত রায়ের শেষাংশে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়-

In the result, the Rule is made absolute. The impugned memo no. শিম/শা-১৩/এমপিও-১২/২০০৯ dated 31.05.2010 so far cancellation of MPO of Al-Hedaya Islamia Mohi8la Madrasha, laksham, Comilla, issued by the Senior Asistant Secretary, Section-13, Ministry of Edeucaiton is hereby declared to have been made without lawful authority and is of no legal effect.

০৩। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৪৫৫৬/১৮ দায়ের করা হলে তা ১০.০২.২০ খ্রি. তারিখে খারিজ (সময় তামাদির কারণে) হয়ে যায়। মহামান্য আপিল বিভাগের গত ১০.০২.২০ তারিখের আদেশটি নিম্নরূপ:

"The leave petition is out of time by 3192 days but the explanations offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the Civil Petition for Leave to appeal is dismissed as barred by limitation "

০৪। (ক) যেহেতু মহামান্য হাইকোর্টের ১০.০৩.২০১১ খ্রি. তারিখের রায়/আদেশে কুমিল্লা জেলার লাকসাম উপজেলাধীন আল-হেদায়ে ইসলামীয়া মহিলা মাদ্রাসাটি এমপিওভুক্তকরণের নির্দেশনা রয়েছে এবং যেহেতু সরকার পক্ষে দায়ের করা CPLA নং- ৪৫৫৬/২০১৮ মামলাটি (সময় তামাদির কারণে) খারিজ হয়ে গেছে, সেহেতু বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করা আবশ্যিক।

(খ) যেহেতু যৌক্তিক কোন কারণ ছাড়াই ৩১৯২ দিন পর আপিল দায়ের হওয়ায় তামাদির কারণে সরকার পক্ষ দায়েরকৃত আপিল মামলা খারিজ হয়ে গেছে সেহেতু বর্তমান চলমান মামলায় (ভবিষ্যতে দায়েরযোগ্য মামলাসমূহ) সরকার পক্ষের স্বার্থ নিশ্চিতকরণের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ নিশ্চিত করার জন্য চলমান মামলার ক্ষেত্রে Monitoring জোরদার করা আবশ্যিক।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৪৬৬৩/২০১০ মামলায় ১০.০৩.২০১১ খ্রি. তারিখে প্রদত্ত মহামান্য আদালতের নির্দেশনা অনুযায়ী (আপিল মামলাও সরকার পক্ষ হেরে যাওয়ায়) কুমিল্লা জেলার লাকসাম উপজেলাধীন আল-হেদায়ে ইসলামীয়া মহিলা মাদ্রাসাটি এমপিওভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে এবং অনুচ্ছেদ ০৪ (খ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণক্রমে আগামি ২০.০৮.২০ খ্রি: তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আঃ খালেক মিল্লাহ)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৩। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপসচিব (এমপিও সেল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিব (মাদ্রাসা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। সুপার, আল-হেদায়া ইসলামীয়া মহিলা মাদ্রাসা, উপজেলা-লাকসাম, জেলা-কুমিল্লা।